# মন্ত্রিপরিষদ বিভাগের নভেম্বর ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৯ ডিসেম্বর ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮৩ | ১৩৪ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,০৮৯ | ১,০০৯ |
| **মোট** | ২,৫১৫ | ১,৩৭২ | ১,১৪৩ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | ৩৭ | ১৭ | ৪৯ | ৩১ | ১৩৪ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৯৩ | ২১৬ | ২৯১ | ২০৯ | ১০০৯ |
| **মোট** | - | - | ৩৩০ | ২৩৩ | ৩৪০ | ২৪০ | ১,১৪৩ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | নভেম্বর মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক আয়োজিত 'বাৎসরিক সমুদ্র পরিদর্শন, ২০২৫'-এর সমাপনী অনুষ্ঠানে যোগদানের উদ্দেশ্যে ৩০ নভেম্বর ২০২৫ তারিখে চট্টগ্রাম জেলা সফর করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | ১ | - | |
| | সচিব, সমন্বয় ও সংস্কার | | ২৮-২৯ নভেম্বর ২০২৫ মেয়াদে গাজীপুর জেলার রাজেন্দ্রপুরে 'Strengthening the Agency to Innovate a2i' শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ করেন। |
| | ২ | - | |
| | অতিরিক্ত সচিব | | - |
| | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | ২৩-২৪ নভেম্বর ২০২৫ মেয়াদে সিলেট ও হবিগঞ্জ জেলা পরিদর্শন করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | ২ | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ২২৫ | ১২.৯৫ (৫.৭৬ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ৭৯৯.৯৩ (৫১.০২ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ৬.১২ (৪.৯৪ শতাংশ) | - |
| মোট | ১,৯১৭ | ৮১৯ (৪২.৭২ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৬টি | ০.৬৫ | - | - | ১৬টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ২টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তিসহ সর্বমোট ১৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৪১টি | ২১০.০৮ | ২টি | ৩টি | ৩৮টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (নভেম্বর মাসের ১ তারিখে) | নভেম্বর মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | নভেম্বর মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ২ | - | - | - | - | ২ | - |
| দুর্নীতি দমন কমিশন | ২১ | - | - | ১ | - | ২০ | ৩ |
| মোট | ২৩ | - | - | ১ | - | ২২ | ৩ |

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

| মন্ত্রণালয়/সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | - |
| দুর্নীতি দমন কমিশন | ১. | মানিলন্ডারিং অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণ | ২-৬, ৯-১৩, ১৬-২০ এবং ২৩-২৭ নভেম্বর ২০২৫ | ৮০ জন |
| | ২. | বেসিক কম্পিউটার অপারেশন ও রেকর্ড ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ৩-৫, ১০-১২, ১৭-১৯ এবং ২৩-২৫ নভেম্বর ২০২৫ | ৮০ জন |

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত নবম ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে। এ বিভাগের ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

| ক্রম | অতিথি বক্তা/ প্রশিক্ষক | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণে অংশগ্রহণকারী | তারিখ |
|---|---|---|---|---|
| ১. | জনাব এএমএম খায়রুল বাশার<br>সাধারণ সম্পাদক<br>বাংলাদেশ এথিক্স ফাউন্ডেশন | Ethical issues in Delivering Public Services | মন্ত্রিপরিষদ বিভাগের ১০ গ্রেডভুক্ত কর্মকর্তাগণ | ৯ নভেম্বর ২০২৫ |
| ২. | জনাব মোঃ মহসিন, যুগ্মসচিব (মহাপরিচালক, অটিজম সেল), স্বাস্থ্য সেবা বিভাগ | অটিজম সচেতনতা ও সামাজিক দায়বদ্ধতা | মন্ত্রিপরিষদ বিভাগের ১১-১৬ গ্রেডভুক্ত কর্মচারীগণ | ১০ নভেম্বর ২০২৫ |

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | Ethical Hacking & Cloud Security বিষয়ক প্রশিক্ষণ, মালয়েশিয়া | ১০-১৪ নভেম্বর ২০২৫ | অর্থ বিভাগ | ১ জন |
| | ২. | ১১৭-১১৮তম Senior Staff Course (SSC)-এর অংশ হিসেবে মালয়েশিয়ার UTMSPACE-এ প্রশিক্ষণ | ৩-১২ নভেম্বর ২০২৫ | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |
| | ৩. | 'Bangladesh Seminar on New Energy Infrastructure Planning and Construction' শীর্ষক দ্বিপাক্ষিক প্রশিক্ষণ কোর্স, চীন | ১৪-২৮ নভেম্বর ২০২৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | Special Course on Banking for Anti-Corruption Officers | ৯-১৩ নভেম্বর ২০২৫ | Sonali Bank Staff College | ৩০ জন |
| | ২. | ৬৫তম সিনিয়র সিকিউরিটি কোর্স ২০২৫ | ৯-২০ নভেম্বর ২০২৫ | এনএপিডি | ১ জন |
| | ৩. | Effective Anti-Corruption Policy, Strategy and Practices | ১৬-২৭ নভেম্বর ২০২৫ | AIT Extension, Asian Institute of Techology, Thailand | ২০ জন |
| | ৪. | ফরেনসিক এন্ড সায়েন্টিফিক ইনভেস্টিগেশন প্রশিক্ষণ কোর্স | ১৬-২৭ নভেম্বর ২০২৫ | ফরেনসিক ট্রেনিং ইনস্টিটিউট, সিআইডি | ৩০ জন |
| | ৫. | ফরেনসিক একাউন্টিং ও ডিজিটাল ফরেনসিক এনালাইসিস এবং ক্রিপ্টোকারেনসি | ২৬-২৭ নভেম্বর ২০২৫ | টিআইবি | ৪০ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ২৩ জন।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক ছয়টি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির তিনটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৩৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৩১টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতিবেদনাধীন মাসে ৭টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৪৭টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ১৩টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১২টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ৪ ডিসেম্বর ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫) নভেম্বর ২০২৫ মাসে 'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটির পুনর্গঠন এবং 'কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ চুরি ঘটনা সংক্রান্ত বিষয়ের পর্যালোচনা কমিটির সুপারিশ দাখিলের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(৬) ১৭ নভেম্বর ২০২৫ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত সংস্করণ ২০১৮) সংশোধনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে 'কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা স্টিয়ারিং' কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৭) ১৩ নভেম্বর ২০২৫ তারিখে অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অধ্যাপক আলী রীয়াজ-কে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে নিয়োগদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৩ নভেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে ।

(৮) নভেম্বর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১০টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ২টিসহ মোট ১২টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) নভেম্বর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ৯টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি এবং ২টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(১০) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত অক্টোবর দ্বিতীয় ও নভেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১১) জুলাই গণঅভ্যুত্থান ২০২৪-এ বেওয়ারিশ হিসেবে দাফন করা লাশ উত্তোলন ও শনাক্তকরণ কার্যক্রম বাস্তবায়নে জেলা প্রশাসক, ঢাকাকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) ডেঙ্গু প্রাদুর্ভাব রোধে জনসচেতনতামূলক কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিকার ও প্রতিরোধে কুইক রেসপন্স টিমে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) 'জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম' সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে অভিযান পরিচালনায় সহযোগিতা প্রদানের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) ১৭ নভেম্বর ২০২৫ তারিখে প্রধান উপদেষ্টার কার্যালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা, কমিশনার ও জেলা প্রশাসকগণের সঙ্গে মাননীয় প্রধান উপদেষ্টার সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৬) নভেম্বর ২০২৫ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত অক্টোবর ২০২৫ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(১৮) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১৬ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(১৯) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতাধীন ২০২৩ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলা এবং চলমান মামলা পরিচালনার তথ্য পরিবীক্ষণ করা হয়েছে। উক্ত মামলাসমূহের তথ্যদি মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভা এবং বিভাগীয় কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১০টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৮টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(২১) ১ জানুয়ারি ২০২৫ থেকে ১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বাংলাদেশে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ৩৫,৩২৪টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ২৩,৩৬৩টি, অভিযোগ নিষ্পত্তির হার ৬৬.১৪ শতাংশ।

(২২) প্রতিবেদনাধীন মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের অংশগ্রহণে 'জেলা পর্যায়ে শিশুকেন্দ্রিক সামাজিক নিরাপত্তা' সংক্রান্ত কর্মশালা চট্টগ্রাম এবং নোয়াখালী জেলায় আয়োজন করা হয়েছে।

(২৩) ৫ নভেম্বর ২০২৫ তারিখে অন্তর্বর্তী সরকারের সংস্কারধর্মী উদ্যোগ নিয়ে 'REFORMS BY THE INTERIM GOVERNMENT' শীর্ষক পুস্তিকা প্রকাশের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত/চলমান সংস্কারধর্মী উদ্যোগের হালনাগাদ তথ্যাদি প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(২৪) ১০ নভেম্বর ২০২৫ তারিখে 'Strengthening Shock Responsive and Nutrition Sensitive Social Protection Programmes (SSRNSSPP)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

**গ. আগামী (ডিসেম্বর-জানুয়ারি ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৮তম সভা আয়োজন।

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব